গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা।
www.fisheries.gov.bd

নং-৩৩.০২.০০০০.১২০.০৩.০৩৩.১৫- ৬২৪(৮)   তারিখঃ ২১/০৯/২০১৭ খ্রি.

বিষয়ঃ সাম্প্রতিক অতিবর্ষণ ও পাহাড়ী ঢলে সুনামগঞ্জ, কিশোরগঞ্জ ও নেত্রকোনা জেলায় ক্ষতিগ্রস্ত কৃষকদের জীবন-জীবিকা নির্বাহ ও কৃষি পুনর্বাসনমূলক কাযক্রম গ্রহণের নিমিত্ত পরীক্ষা-নিরীক্ষাক্রমে খাদ্য-বান্ধব কর্মসূচির আওতায় মৎস্য ও গবাদি পশুর খাদ্য সরবরাহ সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সভার বাস্তবায়নসহ অগ্রগতি প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

সূত্র: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র নং-৩৩.০০.০০০০.১২৭.১০.০০২.১৭-২৮৭, তারিখ- ৩১/০৮/২০১৭ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিতে বিগত ১৮/০৫/২০১৭ খ্রি. তারিখে এ সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত নীচে উদ্ধৃত করা হলোঃ

"মৎস্য অধিদপ্তর ও প্রাণিসম্পদ অধিদপ্তর থেকে মৎস্য ও প্রাণিসম্পদ সেক্টরে ঘূর্ণায়ন ক্ষুদ্রঋণ ক্ষতিগ্রস্তদের মধ্যে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।"(কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, মৎস্য অধিদপ্তরের আওতাধীন উল্লিখিত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক অত্র দপ্তরে প্রতিবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক

(মোঃ গোলজার হোসেন)
উপপরিচালক (মৎস্যচাষ)
ফোন-০২৯৫৬১৫৯২
ই-মেইল: goljar_159@yahoo.com

উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/
চট্রগ্রাম বিভাগ, কুমিল্লা/ রাজশাহী বিভাগ, রাজশাহী/
খুলনা বিভাগ, খুলনা / বরিশাল বিভাগ,বরিশাল/
সিলেট বিভাগ, সিলেট / রংপুর বিভাগ, রংপুর/ ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রণীত নয়)

১. অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা
২. পরিচালক / প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (রিজার্ভ/সামুদ্রিক/ মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ/ জরিপ ও পরিকল্পনা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা/ সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্রগ্রাম/ মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাভার, ঢাকা
৩. উপপরিচালক (প্রশাসন/ অর্থ/ চিংড়ি/ ফিল্ড সার্ভিস/ রিজার্ভ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা/ মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ দপ্তর, ঢাকা/ চট্রগ্রাম/ খুলনা
৪. জেলা মৎস্য কর্মকর্তা (সকল)
৫. সহকারী পরিচালক, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটের নোটিশ বোর্ডে ন্যুনতম ৩ কর্ম দিবস প্রকাশের অনুরোধসহ)
৬. সিনিয়র উপজেলা / উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল )
৭. দপ্তর নথি।

(মোহাম্মদ কামরুজ্জামান হোসাইন)
প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা
ফোন : ০২-৯৫৬৭২২০
ই-মেইল: kzaman25@fisheries.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-২ অধিশাখা

নং-৩৩.০০.০০০০.১২৭.১০.০০২.১৭-২৮৭ তারিখঃ ৩১/০৮/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ সাম্প্রতিক অতিবর্ষণ ও পাহাড়ি ঢলে সুনামগঞ্জ, কিশোরগঞ্জ ও নেত্রকোণা জেলায় ক্ষতিগ্রস্থ কৃষকদের জীবন-জীবিকা নির্বাহ ও কৃষি পুনর্বাসনমূলক কার্যক্রম গ্রহণের নিমিত্ত পরীক্ষা-নিরীক্ষাক্রমে খাদ্য- বান্ধব বর্মসূচির আওতায় মৎস্য ও গবাদি পশুর খাদ্য সরবরাহ সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়নসহ অগ্রগতি প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

গত ১৮/০৫/২০১৭ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এ মন্ত্রণালয়ের অধীনস্থ অধিদপ্তর ও সংস্থার জন্য প্রযোজ্য সিদ্ধান্তসমূহ নিচে দেওয়া হলোঃ

- আপদকালীন গো-খাদ্যর চাহিদা মিটানোর লক্ষ্যে প্রতি বিভাগে সাইলেজ তৈরী করার ব্যবস্থা করা যায় কিনা এ বিষয়ে প্রাণিসম্পদ অধিদপ্তর সম্ভাব্যতা যাচাই করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- হাওর অঞ্চলে এপ্রিল-মে মাসে ডিমওয়ালা মা মাছ ধরা নিষিদ্ধ করার বিষয়টি মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ এ সন্নিবেশ করার জন্য মৎস্য অধিদপ্তর জরুরি ভিত্তিতে প্রস্তাব প্রেরণ করবে।
- বন্যা উপদ্রুত এলাকায় বন্যা সহিষ্ণু ঘাস উৎপাদন বিএলআরআই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- মৎস্য অধিপ্তর হাওর অঞ্চলে আইডি কার্ডধারী জেলেদের নিয়ে সিআইজি গঠনপূর্বক তাদের প্রয়োজনীয় প্রশিক্ষণ এবং ত্রাণ সহায়তা নিশ্চিত করবে।
- মৎস্য অধিদপ্তর ও প্রানিসম্পদ অধিদপ্তর থেকে মৎস্য ও প্রানিসম্পদ সেক্টরে ঘূর্ণায়ন ক্ষুদ্রঋণ ক্ষতিগ্রস্তদের মধ্যে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- বিভিন্ন সংগঠন থেকে প্রাপ্ত বন্যা পরবর্তী সময়ে গবাদি পশু ও হাঁস-মুরগীর খাদ্য বিতরণে মনিটরিং টীম যাতে কার্যকর ভূমিকা পালন করে সে বিষয়ে প্রাণিসম্পদ অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- প্রাণিসম্পদ অধিদপ্তর উপদ্রুত এলাকায় মেডিক্যাল টীমকে সক্রিয় রাখার ব্যবস্থা গ্রহণ করবে।

উক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নসহ অগ্রগতি প্রতিবেদন প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ হামিদুর রহমান)
উপসচিব
ফোনঃ ৯৫৭৬৩৫৭

বিতরণঃ

০১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
০২। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।

নং-৩৩.০০.০০০০.১২৭.১০.০০২.১৭-২৮৭(২) তারিখঃ ৩১/০৮/২০১৭ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। অতিরিক্ত সচিব (মৎস্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ হামিদুর রহমান)
উপসচিব